

প্রকাশ : ১৪ ফেব্রুয়ারি, ২০১৭ ১৯:২৬

অনলাইন

Share

ভার্সন

প্রিন্ট করুন 

# 'অনিয়ম দেখলে এসএমএস করুন'

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

যে কোন অনিয়ম দেখলে তা জানিয়ে নাগরিকদের সাথে সাথে এসএমএস করার আহ্বান জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। তিনি বলেন, অমুক আইসা টাকা চাইছে, অমুক জোর করে এটা করতেছে। এসব জানিয়ে একটা এসএমএস করবেন, দেখবেন

পরের দিন সকালেই ইনশাআল্লাহ কাজ শুরু হয়ে যাবে।

মঙ্গলবার (১৪ ফেব্রুয়ারি) বিকেলে গুলশান-১ নম্বরে ডিএনসিসি মার্কেটের ব্যবসায়ীদের জন্য অস্থায়ীভাবে নির্মিত শেডের উদ্বোধনকালে মেয়র এ আহ্বান জানান। এসময় ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সেখানে দোকান বরাদ্দ দেওয়া হয়।

আনিসুল হক এসময় আরও বলেন, কেউ যদি আইনের বাইরে গিয়ে কিছু করে, আপনাদের বহু লোকের কাছে আমার ফোন নম্বর আছে, সবার ফোন নম্বর আছে। একটা এসএমএস করবেন এর বেশি কিছু নয়। নিজের মোবাইল নম্বর ছাড়াও সংশ্লিষ্টদেরও এসএমএস করার কথা বলেন মেয়র। তিনি বলেন, কোনো অনিয়ম হতে দেবে না সিটি করপোরেশন। কোনো পলিটিকস হতে দেবে না সিটি করপোরেশন। আমরা কারও শত্রু না। আমরা সবার বন্ধু হয়ে কাজ করতে চাই।

এসময় তিনি ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের বিভিন্ন দাবিদাওয়া নিয়ে সিটি করপোরেশনে আসার আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, ঢাকা উত্তর সিটি করপোরেশনের বিশেষ উন্নয়ন খাত থেকে ৩৬ লাখ টাকা ব্যয়ে ইটের ফ্লোর, বাঁশ ও ত্রিপল দিয়ে ওই ৩টি অস্থায়ী শেড নির্মাণ করা হয়। অস্থায়ী শেডের এ ব্লকে ৬৪টি, বি ব্লকে ১৮টি এবং সি ব্লকে ২২৪টি দোকান নির্মাণ করা হয়। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ২৯১ ব্যবসায়ীকে এসব দোকান বরাদ্দ দেওয়া হয়।

বিডি প্রতিদিন/১৪ ফেব্রুয়ারি ২০১৭/হিমেল

[Share](#)

**আপনার মন্তব্য**


পরবর্তী খবর

প্রকাশ : ১৭ ফেব্রুয়ারি, ২০২১ ১২:০৭

[অনলাইন](#)

[ভার্সন](#)

[Share](#)

প্রিন্ট করুন 

# রাষ্ট্রীয় মর্যাদা দেওয়া হলো ঈদে মিলাদুন্নবীকে

অনলাইন ডেস্ক



প্রতীকী ছবি

বিশ্বনবী হযরত মুহাম্মদ (সা.) এর জন্ম ও ওফাত দিবস ১২ রবিউল আওয়ালকে রাষ্ট্রীয় মর্যাদা দেওয়া হয়েছে। এর ফলে এখন থেকে দিনটিতে বাংলাদেশের সব সরকারি-বেসরকারি ভবন ও অফিস প্রাঙ্গণে জাতীয় পাতাক উত্তোলন করা হবে।

সোমবার (১৫ ফেব্রুয়ারি) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম স্বাক্ষরিত এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

এতে বলা হয়েছে, পবিত্র ঈদে মিলাদুন্নবীর দিবসটিতে বাংলাদেশের সব সরকারি ও বেসরকারি ভবন ও অফিস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। এছাড়া বিদেশি কূটনৈতিক মিশন ও দূতাবাসগুলোতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। অবিলম্বে এ নির্দেশনা কার্যকর হবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

প্রসঙ্গত, বিশ্বনবী হজরত মুহাম্মদ (সা.) এর জন্ম ও ওফাত দিবস ১২ রবিউল আউয়াল মুসলমানদের কাছে এক পবিত্র দিন। এ দিনটি মুসলমানরা পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) হিসেবে পালন করেন।

বিডি প্রতিদিন/হিমেল